

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৪০ তারিখঃ ১১ আগস্ট ২০১৭ শুক্রবার

এডিস মশা নিয়ন্ত্রণ পরিকল্পনার খসড়া থেকেঃ মশা নিয়ন্ত্রণ কার্যক্রম সম্পর্কে



১. পূর্ণ বয়স্ক মশা নিধন ব্যবস্থা
 - অ. অন্ততঃ প্রতি সপ্তাহে একবার তপ্ত (thermal) ফগিং
 - আ. জনসাধারণকে আগেই জানিয়ে রাখতে হবে তারা যেন ফগিং-এর সময় ঘরের দরজা-জানালা খোলা রাখেন
 - ই. রোগতাত্ত্বিক বৈশিষ্ট্য বিবেচনা করে আগেই ফগিং-এর জন্য নির্দিষ্ট লোকালয় বাছাই করা
 - ঈ. পরিস্থিতি পর্যবেক্ষণ, কার্যক্রমের তথ্য জানানো ও মন্তব্য করা




২. মশার উৎস ধ্বংসে জনগণকে সম্পৃক্ত করা
 - অ. সমাজকে সংগঠিত করা
 - আ. মশার উৎপত্তিস্থল পরিষ্কার করতে হবে, তা নিয়মিত পর্যবেক্ষণ করা
৩. কঠিন বর্জ্য অপসারণ
 - অ. জনগণকে উদ্বুদ্ধ করা তারা যেন পরিত্যক্ত জিনিশপত্র নির্দিষ্ট ডাস্টবিনে ফেলেন
 - আ. সপ্তাহে কমপক্ষে দু'দিন ডাস্টবিন থেকে বর্জ্য সরিয়ে ফেলা

৪. ব্যক্তিগত ও বাসা-বাড়ী পর্যায়ে মশা থেকে ব্যক্তিগত সুরক্ষা
 - অ. জনগণকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা



৫. কোথায় মশা নিধন তৎপরতা চালাতে হবে তা চিহ্নিত করা - তৎপরতা পর্যবেক্ষণ ও মূল্যায়ন
 - অ. দৈবচয়ন ভিত্তিক (random), নির্দিষ্ট এলাকা ভিত্তিক (sentinel) ও ঘটনা ভিত্তিক (event) মশা নজরদারি (vector surveillance) করা
 - আ. তথ্য আদান-প্রদান করা - মন্তব্য ও কাজের নির্দেশনা
 - ই. মন্তব্যকে আমলে নিয়ে কাজ করা
৬. সহায়ক ব্যবস্থা
 - অ. মশা ধ্বংস করার কীটনাশকের কার্যকারিতা যাচাই
 - আ. অবকাঠামো নির্মাণস্থলের কর্মকান্ড নিয়ন্ত্রণের জন্য আইনগত ব্যবস্থা
 - ই. ব্যাপক প্রচারাভিযান

চিকুনগুনিয়া সর্বশেষ পরিস্থিতি



- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ১১ আগস্ট বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ৩৪৪৫টি। এর মধ্যে সম্ভাব্য নতুন রোগী ১২০৬ জন ও পুরোনো রোগী ১৬২৫ জন। অবশিষ্ট ৭১৪ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন